

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ঢাকা মশক নিবারণী দপ্তর  
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১  
www.dmco.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.২০.০০০০.০০০.২০.০০৭.২৩-২৪৪

তারিখ: ১৯ জৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
০২ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের মে, ২০২৪ মাসের বেতন ভাতা প্রদানের লক্ষ্যে চলতি ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত বাজেটের ছুটি নগদায়ন বেতন (কর্মচারী) খাত (৩১১১২০৯) হতে মূল বেতন (কর্মচারী) (৩১১১২০১) খাতে ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা উপযোজন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকা মশক নিবারণী দপ্তরের (১৩৭০১০১১৪১৪৮০) অনুকূলে চলতি ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে মূল বেতন (কর্মচারী) খাতে (৩১১১২০১) মোট ৪,৯৬,৫০,০০০/- (চার কোটি ছিয়ানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ দেওয়া হয়। উক্ত খাত হতে ইতোমধ্যে ৪,৬৩,২১,৪০০/- (চার কোটি তেত্রিশ লক্ষ একুশ হাজার চারশত) টাকা ব্যয় করা হয়েছে এবং অবশিষ্ট রয়েছে ৩৩,২৮,৫০০/- (তেত্রিশ লক্ষ আটশ হাজার পাঁচশত) টাকা। এ দপ্তরের কর্মচারীদের মে, ২০২৪ মাসের বেতন ভাতা প্রদানের লক্ষ্যে প্রায় ৪৮,০০,০০০/- লক্ষ টাকা প্রয়োজন হবে। তাই ছুটি নগদায়ন (কর্মচারী) খাত (৩১১১২০৯) হতে মূল বেতন (কর্মচারী) (৩১১১২০১) খাতে ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা উপযোজন করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের মে, ২০২৪ মাসের বেতন ভাতা প্রদানের লক্ষ্যে চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত ছুটি নগদায়ন বেতন (কর্মচারী) খাত (৩১১১২০৯) হতে মূল বেতন (কর্মচারী) (৩১১১২০১) খাতে ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা উপযোজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি:--৫৩--পাতা।

Mal  
17/6/2024  
মোহাম্মদ শামছুল ইসলাম  
উপসচিব

ও

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)  
ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।  
ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭  
E-mail: dmco@lgd.gov.bd

সচিব  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব (নগর উন্নয়ন-২ শাখা)]